# যুগান্তর

তারিখ ... 10 OCT 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৩ ...

রাবির সোহরাওয়ার্দী হল

## সিট বরাদ্দ দিতে চাঁদা দাবি শিক্ষকের

**যুগান্তর রিপোর্ট**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ সোহরাওয়ার্দী হলে সিট বরাদ্দ দিতে শিক্ষার্থীদের কাছ থেকে চাঁদা দাবির অভিযোগ উঠেছে হলের আবাসিক শিক্ষকের বিরুদ্ধে। ঈদের ছুটির আগে ওই হলের সিট বরাদ্দের সময় বেশ কয়েকজন শিক্ষার্থীর কাছে এমন দাবি করেন ওই শিক্ষক। ওই শিক্ষক হলেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক কাজী জাহিদুর রহমান। এর আগেও নারী কেলেংকারিসহ বিভিন্ন অভিযোগ রয়েছে এ শিক্ষকের বিরুদ্ধে। এসব ঘটনায় গণমাধ্যমে সংবাদ প্রকাশ হলেও কোনো ব্যবস্থা নেয়নি কর্তৃপক্ষ।

সোহরাওয়ার্দী হল সূত্র জানায়, সম্প্রতি এই হলের আবাসিক শিক্ষক হিসেবে দায়িত্ব পান সহকারী অধ্যাপক কাজী জাহিদুর রহমান। দায়িত্ব পাওয়ার পর থেকে হলের আবাসিক শিক্ষার্থীদের সিট বণ্টনের সব দায়িত্ব নিজের হাতে নেন তিনি। এরপর থেকে নিয়ম-নীতির তোয়াক্কা না করে পছন্দের শিক্ষার্থীদের হলে সিট বরাদ্দ দিতে শুরু করেন তিনি। এ সময় বেশ কয়েকজন শিক্ষার্থীর কাছ থেকে নিয়মবহির্ভূতভাবে টাকা নেন বলে অভিযোগ ওঠে।

নাম প্রকাশ না করার শর্তে ওই হলের অনাবাসিক ও ইতিহাস বিভাগের দ্বিতীয় বর্ষের এক শিক্ষার্থী বলেন, মেসে থাকতে বেশি খরচ হচ্ছে জানিয়ে হলে একটি সিটের ব্যবস্থা করার জন্য সম্প্রতি হলের আবাসিক শিক্ষক কাজী জাহিদুর রহমানের কাছে অনুরোধ করি। তাকে তিন হাজার টাকা দিলে আমার সিট হবে বলে জানান তিনি। এ ব্যাপারে জানতে কাজী জাহিদুর রহমানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি কোনো মন্তব্য করতে রাজি হননি।